

শিক্ষকদের অনিয়ম

দেখে ছাত্ররা প্রতিবাদ

কবুলেই ব্যাড বয়'

|| জাঃ বিঃ রিপোর্টার ||

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষক কোর্স পদ্ধতিতে শিক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিজেদের কর্তব্যে অবহেলাকেই বাধা হিসেবে উল্লেখ করেছেন। গত বুধবার যুক্তরাষ্ট্রের নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির শিক্ষক এবং শিক্ষা পদ্ধতি বিশেষজ্ঞ প্রফেসর জন, ডি, মার্গোলিস এর সাথে কোর্স পদ্ধতি সম্পর্কে এই বিশ্ববিদ্যালয়ের ডীন ও বিভাগীয় চেয়ারম্যানদের বৈঠকে কয়েকজন শিক্ষক এই অভিমত ব্যক্ত করেন।

বৈঠকে আলাপকালে 'পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ডঃ আবু সাঈদ চৌধুরী শিক্ষকদের দায়িত্বশীলতার কথা উল্লেখ করে বলেন, অনেক শিক্ষকই সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করেন না। ক্লাস, টেউটোরিয়াল ইত্যাদি যথাসময়ে নেন না; যেটা কোর্স পদ্ধতির সম্পূর্ণ পরিপন্থী। রসায়ন বিভাগের শিক্ষক প্রফেসর সৈয়দ শফিউল্লা ও তার অনুরূপ বক্তব্যে কিছু কিছু সিনিয়র ও জুনিয়র শিক্ষকদের অনিয়মের কথা উল্লেখ করেন; তিনি বলেন, কোর্স পরিচালনার ক্ষেত্রে শিক্ষকদের যথেষ্ট স্বাধীনতা থাকা সত্ত্বেও তারা অমনোযোগী।

অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ডঃ আমিরুল ইসলাম চৌধুরী বলেছেন, শিক্ষক ক্লাশ নিতে অনিয়ম করলে যদি ছাত্ররা প্রতিবাদ জানায় তাহলে শিক্ষকরাই আবার ঐ ছাত্রদেরকে ব্যাড বয় বলে অভিহিত করেন।

সমাজবিজ্ঞান অনুষদের ডীন জনাব মেসবা-উস-সালেহীন— শিক্ষকরা বিভিন্ন প্রকার প্রশাসনিক দায়িত্ব গ্রহণ করায় তারা সঠিকভাবে একাডেমিক দায়িত্ব পালন করতে পারে না বলে অভিমত প্রকাশ করেন।

ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর মোঃ নোমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা অনুষ্ঠানের পর প্রফেসর মার্গোলিস কয়েকজন ছাত্রের সাথে প্রচলিত কোর্স পদ্ধতি সম্পর্কে আলোচনা করেন। তার সঙ্গে আলাপকালে ছাত্ররা প্রচলিত কোর্স পদ্ধতিতে সমস্যা হিসেবে পাঠ্য বইয়ের অভাব, ইংরেজীতে দুর্বলতা, ক্লাশ নিতে শিক্ষকদের অনিয়ম, পরীক্ষার রেজাল্ট শিক্ষকদের পক্ষপাতিত্বের সম্ভাবনা ইত্যাদির কথা উল্লেখ করেন।